
কালের কণ্ঠ

তারিখ : 01 AUG 2016
পৃষ্ঠা 2 কলাম 4



দেশপ্রেমের চেতনা সমুন্নত রাখার প্রত্যয়ে গতকাল নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে 'নর্থ সাউথের বুকে বাংলাদেশ' শীর্ষক জঙ্গিবাদবিরোধী প্রচারণায় অংশ নেয় বিশ্ববিদ্যালয়টির শিক্ষার্থীরা। ছবি : কালের কণ্ঠ

# 'নর্থ সাউথের বুকে বাংলাদেশ'

নিজস্ব প্রতিবেদক ▷

ভাবমূর্তি সংকটে পড়া নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ নানা উদ্যোগ গ্রহণ করেছে। এরই অংশ হিসেবে গতকাল রবিবার আয়োজন করা হয় 'নর্থ সাউথের বুকে বাংলাদেশ' শীর্ষক অনুষ্ঠান। শিক্ষার্থীরা দেশপ্রেমের চেতনাকে সমুজ্জ্বল রাখার প্রত্যয়ে এতে অংশ নেন। গর্বিত বাংলাদেশি হিসেবে নিজেদের পরিচয় তুলে ধরার প্রয়াসে তাঁরা জঙ্গিবিরোধী প্রচারণায় সংহতি প্রকাশ করেন। পতাকার অবয়ব নিজেদের শরীরে ধারণ করেন এক হাজার শিক্ষার্থী। লাল-সবুজের এক মহাসমারোহে গতকাল রবিবার ক্যাম্পাস হয়ে উঠেছিল অন্য রকম। বিশ্ববিদ্যালয়ের সাধারণ শিক্ষার্থী ও ২২টি ক্লাবের সদস্যসহ মোট পাঁচ হাজার ছাত্রছাত্রী একত্রে অংশ নিয়েছে জাতীয় সংগীত পরিবেশনায়।

অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর আতিকুল ইসলাম বলেন, 'নর্থ সাউথ ইউনিভার্সিটির শিক্ষার্থীরা নিজ দেশের ঐতিহ্য ও সংস্কৃতির বিকাশে সদা সচেতন। উল্লেখযোগ্য দিবস যেমন বিজয় দিবস, পহেলা বৈশাখ, আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, ১৫ আগস্ট জাতীয় শোক দিবসসহ বিভিন্ন পালা-পার্বণে অনুষ্ঠান আয়োজনের মধ্য দিয়ে যার প্রতিফলন ঘটে। একজন শিক্ষক হিসেবে আমি খুব গর্ববোধ করি যখন দেখি এ প্রজন্মের ছেলেমেয়েরা বাংলাদেশি চেতনাকে সমুন্নত রাখার প্রত্যয়ে ঐক্যবদ্ধ হয়। আমাদের শিক্ষার্থীদের মধ্যে দেশের প্রতি ভালোবসা ও শ্রদ্ধাবোধ দেখে আমি আজকে আনন্দিত ও গর্বিত।'